

ভোরের কাগজ

কিভারগার্টেন শিক্ষকদের উদ্দেশে শেখ হাসিনা সরকার দুর্নীতির মাধ্যমে লুটপাট আর কর বাড়িয়ে মানুষকে শোষণ করছে


কাগজ- প্রতিবেদক : আওয়ামী লীগ সভানেত্রী ও বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা বিএনপি-জামাত মোট সরকারের বিভিন্ন কার্যক্রমের সমালোচনা করে বলেছেন, সরকার একদিকে দুর্নীতির মাধ্যমে লুটপাট করছে। অন্যদিকে, কর বাড়িয়ে জনগণকে শোষণ করে যাচ্ছে। এ অবস্থায় দেশে কোনো সরকার আছে বলে মনে হচ্ছে না।
আওয়ামী লীগের ধানমন্ডি কার্যালয়ে গতকাল বিকালে বাংলাদেশ কিভারগার্টেন এসোসিয়েশনের নেতৃবৃন্দের উদ্দেশ্যে বক্তব্য দিতে গিয়ে শেখ হাসিনা এ সব কথা বলেন।

শেখ হাসিনা বলেন, এখন অনেক ছুদেই বিদেশী বই পড়ানো হচ্ছে। কিন্তু এ বিষয়ে সরকার কিছুই জানে না। তিনি বলেন, শিক্ষা ব্যবস্থায় সামঞ্জস্য না থাকলে শিক্ষার মান উন্নয়ন হবে না।

কিভারগার্টেনগুলোর জন্য ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক করার বিরোধিতা করে শেখ হাসিনা বলেন, এর কোনো যৌক্তিকতা আছে বলে আমি মনে করি না। তিনি কিভারগার্টেন এসোসিয়েশনের যুক্তিসঙ্গত দাবি দাওয়ার সঙ্গে একাত্মতা প্রকাশ করেন।
বিরোধীদলীয় নেত্রী বলেন, সরকারের

শিক্ষা সংকোচন নীতির ফলে শিক্ষার মান উন্নয়ন হবে না। তিনি বলেন, কেবল ২০১২ সালে ৪৪০টি দুর্নীতির ঘটনায় সাড়ে-৪ হাজার কোটি টাকা লুট করা হয়েছে।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন সংগঠনের চেয়ারম্যান বন্দুকার মোঃ জগৎহর, ভাইস চেয়ারম্যান গোলাম মোস্তফা এবং মহাসচিব শাহজাদা মোঃ জাদী।



কিভারগার্টেন এসোসিয়েশনের নেতৃবৃন্দ গতকাল বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনার সঙ্গে সূচা সন্দেশে সাক্ষাৎ করতে গেলেন তিনি তাঁদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন
— ভোরের কাগজ